

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller @rajshahieducationboard.gov.bd

তারিখ : ২৬ জানুয়ারি ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে, যাঁরা (এসএসসি/এইচএসসি) পরীক্ষক/প্রধান পরীক্ষক আছেন/হবেন তাঁদের পারিশ্রমিক/সম্মানি সঠিক উপায়ে নির্ভূলভাবে প্রাপ্তির নিমিত্ত Online-এ সোনালী ব্যাংকের Online নম্বর (১৩ সংখ্যা বিশিষ্ট) নিয়ে আপডেট করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট শিক্ষকগণ যাঁরা Online-এ পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার (এসএসসি /এইচএসসি পরীক্ষা) তথ্য প্রদান করেন নাই বা তথ্য সংশোধন করতে চান তাঁদেরকে অবশ্যই আগামী ২৮/০১/২০২৫ থেকে ২০/০২/২০২৫ তারিখ বিকেল ০৪:০০ টার মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের তথ্য সংযোগ-এ তথ্য প্রদান/সংশোধনের অনুরোধ করা হলো। Online কাজের জন্য gmail-এর email address ব্যবহার করতে হবে।

- বিদ্র: ১. সংশ্লিষ্ট শিক্ষক শ্রেণিকক্ষে যে বিষয়ে পাঠদান করান তাঁকে সেই বিষয়ে তথ্য প্রদান করতে হবে।
 - ২. সোনালী ব্যাংকের Online ব্যাংক একাউন্ট নম্বর (১৩ ডিজিট) তথ্যে অন্তর্ভুক্ত করতে হবে। যাঁদের Online একাউন্ট নম্বর নেই তাঁদের ব্যাংক হতে হিসাব নম্বর আপডেট করতে হবে।
 - ৩. সংযুক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্য প্রদান করতে হবে।

০০ . ২/১/০১/२০२৫ প্রফেসর মো. আরিফুল ইসলাম

প্রক্ষেসর মো. আরিফুল ইঁসলাম পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ফোন : ০২৫৮৮৮৫৬২৩১

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১. প্রতিষ্ঠান প্রধান, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান
- ২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী (ওয়েবসাইট সক্রিয় করার অনুরোধসহ)
- ৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(স্ক্রিপ্ট), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- ৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- ৫. অফিস নথি